# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৩৬

পর্ব - ১০ঃ দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩. চুরির দণ্ড - চোরের উপর হাদ্দ জারী করা হলে তাকে মালের ক্ষতিপূরণের জন্য দায়ী করা যাবে না

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ رَضِيَ اللَّهُ عَنْهُ؛ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ: «لَا يُغَرَّمُ السَّارِقُ إِذَا أُقِيمَ عَلَيْهِ الْحَدُّ». رَوَاهُ النَّسَائِيُّ، وَبَيَّنَ أَنَّهُ مُنْقَطِعٌ. وَقَالَ أَبُو حَاتِمٍ: هُوَ مُنْكَرٌ

ضعيف رواه النسائي (8/ 92)

বাংলা

১২৩৬। আব্দুর রহমান উবনু আউফ (রাঃ) হতে বর্ণিত; রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ চোরের উপর হাদ্দ জারি করা হলে তাকে মালের ক্ষতিপূরণের জন্য দায়ী করা যাবে না।[1]

## English

'Abdur Rahman bin 'Auf (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:
"A thief is not to be fined if the prescribed punishment has been inflicted on him." Related by An-Nasa'i who said that its chain of narrators is disconnected.

ফুটনোট

[1] নাসায়ী ৪৯৮৪। ইমাম দারাকুতনী তাঁর সুনানে ৩/১০৪ গ্রন্থে একে মুরসাল বলেছেন। বাইহাকী তাঁর কুবরা ৮/২৭৭ গ্রন্থে বলেন, এ ব্যাপারে মতভেদ আছে, এটি বিচ্ছিন্ন সানাদে বর্ণিত হয়েছে। ইবনু হাজার লিসানুল আরাব

৪/৩৭ গ্রন্থে বলেন, এর সানাদে আল মাসরুর বিন ইবরাহী রয়েছে। তার সম্পর্কে দারাকুতনী বলেন, তিনি আবদুর রহমান বিন আওফকে পাননি। ইমাম সানআনী বলেন, সে তার দাদা আবদুর রহমান বিন আওফকে পাননি, সুতরাং এর দ্বারা দলিল সাব্যস্ত হয় না। ইবনু উসাইমীন শরহে বুলুগুল মারাম ৫/৪০২ গ্রন্থে বলেন, হাদীসটি মতনের দিক থেকে পরিত্যাজ্য আর সানাদের দিক থেকে মুনকাতি। আলবানী যঈফ নাসায়ীতে ৪৯৯৯ একে দুর্বল বলেছেন। ইমাম যাহাবী তাঁর মীযানুল ইতিদাল ৪/১১৩ গ্রন্থে একে মুনকার বলেছেন, ইমাম নাসায়ী আদদিরায়াহ ২/১১৩ গ্রন্থে বলেন, এটির সানাদ বিচ্ছিন্ন, সুতরাং এর বিশুদ্ধতা প্রমাণিত নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু ‘আওফ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71047

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন